গাড়িবহর থামিয়ে পানিতে ডোবা শিশুকে হাসপাতালে নিলেন হুইপ দুলু



ছবি: সংগৃহীত

গ্রামের বাড়ি থেকে ফেরার পথে মানুষের ভিড় আর কান্নার শব্দ শুনে গাড়িবহর থামান জাতীয় সংসদের হুইপ ও নাটোর-২ আসনের সংসদ সদস্য রুহুল কুদ্দুস তালুকদার দুলু। কাছে গিয়ে জানতে পারেন, তিন বছরের শিশু সাদিপ পানিতে ডুবে নিথর হয়ে আছে। দ্রুত শিশুটিকে সঙ্গে থাকা পুলিশের গাড়িতে তুলে হাসপাতালে নিয়ে যান তিনি। তবে চিকিৎসকদের চেষ্টা সত্ত্বেও শিশুটিকে বাঁচানো যায়নি।

রোববার (২২ নভেম্বর) দুপুর ৩টার দিকে নাটোরের নলডাঙ্গা উপজেলার শাখারীপাড়া এলাকায় এ ঘটনা ঘটে। সাদিপ ওই এলাকার বকুল হোসেনের ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, নিজের গ্রামের বাড়ি রামশার কাজিপুর থেকে ফেরার পথে শাখারীপাড়ায় একটি বাড়ির সামনে লোকজনের ভিড় দেখতে পান হুইপ দুলু। কান্নাকাটির শব্দ শুনে গাড়ি থামিয়ে এগিয়ে গেলে শিশুটির স্বজনদের আহাজারি তাঁর নজরে আসে। পরে শিশুটিকে পুলিশের গাড়িতে তুলে দ্রুত নাটোর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে যান।

শিশুটির চাচা জানান, হুইপ দুলু তাঁদের বাড়ির সামনে গাড়িবহর থামিয়ে পানিতে ডোবা শিশুটিকে হাসপাতালে নেওয়ার ব্যবস্থা করেন।

হুইপ দুলু বলেন, ফেরার পথে মানুষের ভিড় ও কান্নার শব্দ শুনে গাড়ি থামান তিনি। শিশুটিকে জীবিত মনে হওয়ায় দেরি না করে পুলিশের গাড়িতে হাসপাতালে নিয়ে যান। দ্রুত যাওয়ায় ১০ মিনিটেরও কম সময়ে হাসপাতালে পৌঁছানো সম্ভব হয়। তবে চিকিৎসকদের চেষ্টা সফল হয়নি। শিশুটির মৃত্যুতে শোক প্রকাশ করে পরিবারের প্রতি সমবেদনা জানান তিনি।

হাসপাতালের আবাসিক চিকিৎসা কর্মকর্তা (আরএমও) মাহবুবুর রহমান জানান, শিশুটিকে হাসপাতালে আনার পরপরই চিকিৎসা দেওয়া হয়। তবে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, হাসপাতালে পৌঁছানোর আগেই তার মৃত্যু হয়েছিল।